

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
তারিখ নং- ১০৪৯	তারিখ :- ২০/০৮/২৪	সহকারী :-	
অ:স:	স:প্র:	ই:বি:প্র:	নি:প্র:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
সংস্থাপন শাখা-৪
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২১১.০৮.০০১.১৯.৩০৩

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

বিষয়: 'জনাব প্রশান্ত চন্দ্র দে' র বহিঃ বাংলাদেশ (ভারত) গমনের অনুমতি প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা গণপূর্ত বিভাগ, ভোলায় কর্মরত অফিস সহায়ক, 'জনাব প্রশান্ত চন্দ্র দে'-কে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধি ৩(১) বি(২) ধারা মোতাবেক ০১/০৬/২০২৪ তারিখ হতে ০৭/০৬/২০২৪ তারিখ পর্যন্ত অথবা দেশ ত্যাগের প্রকৃত তারিখ হতে ০৭(সাত) দিনের অর্জিত ছুটি মঞ্জুরিসহ ভারতের গয়ায় বাবার পরলৌকিক কাজ করার উদ্দেশ্যে নিম্নোক্ত শর্তে বহিঃ বাংলাদেশ (ভারত) গমনের অনুমতি প্রদান করা হলো।

- নির্ধারিত সময়ের বেশি তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- উক্ত ভ্রমণের জন্য বাংলাদেশ সরকারের কোন দেশী বা বৈদেশিক অর্থ ব্যয়ের সংশ্লিষ্টতা থাকবে না।
- তিনি ছুটি কালীন সময়ে দেশীয় মুদ্রায় বেতন ও ভাতাদি গ্রহণ করবেন।
- তিনি দেশে প্রত্যাবর্তন করে স্বপদে যোগদান করবেন।

এতে প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(Signature)

১৪-৫-২০২৪

নন্দিতা রাণী সাহা

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

ফোন: ০২-৯৫৬০৯৯৯

ইমেইল: se_est@pwd.gov.bd

জনাব প্রশান্ত চন্দ্র দে, অফিস সহায়ক, ভোলা গণপূর্ত
বিভাগ, ভোলা।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২১১.০৮.০০১.১৯.৩০৩/১(৫)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১) নির্বাহী প্রকৌশলী, ভোলা গণপূর্ত বিভাগ, ভোলা। (ইহা তাঁর দপ্তরের স্মারক নং-৪৩৫, তাং-১২/০৩/২০২৪খ্রিঃ এর বরাতে)।

২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা।

৩) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ভোলা।

৪) ইমিগ্রেশন অফিসার, সকল স্থল বন্দর, বাংলাদেশ/সকল বিমান বন্দর, বাংলাদেশ।

৫) সংরক্ষণ নথি /গার্ড নথি।



১৪-৫-২০২৪

মোহাম্মদ তারিকুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)